গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

তারিখ: ০২/০৬/২০২৫ খ্রি.

## ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) ভর্তির প্রাথমিক আবেদন সংক্রান্ত বিজ্ঞপ্তি (সংশোধিত)

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে রাঙ্গামাটি সরকারি কলেজে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তির জন্য প্রাথমিক আবেদন করতে ইচ্ছুক শিক্ষার্থীকে নিম্নোক্ত শর্তাবলী অনুসরণ করার জন্য নির্দেশ দেওয়া গেল।

১। **প্রাথমিক আবেদন ফরম অনলাইনে এন্ট্রি/পূরণ ও পিডিএফ কপি সংগ্রহের সময়সীমা :** ০২/০৬/২০২৫ থেকে ০৩/০৭/২০২৫ খ্রি.

২। **আবেদনের যোগ্যতা:**

(ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৮ থেকে ২০২২ সাল পর্যন্ত তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত পরীক্ষায় গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ থাকতে হবে। এছাড়া পঠিত (রাষ্ট্রবিজ্ঞান) বিষয়ে ন্যূনতম জিপি ২.০০ পেতে হবে।

(খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে স্নাতক (পাস) প্রাইভেট/সার্টিফিকেট কোর্স পরীক্ষায় উত্তীর্ণ অথবা স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রীপ্রাপ্ত অথবা মাস্টার্স ১ম পর্ব/প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ/অধ্যয়নরত অথবা বর্তমানে অন্য যে কোন প্রোগ্রামে অধ্যয়নরত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে না।

৩। **প্রাথমিক আবেদন সম্পর্কিত করণীয়:**

(ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট: www.nu.ac.bd/admissions এর Masters Tab -এ গিয়ে Apply Now (Masters Preli.) অপশনে ক্লিক করতে হবে এবং প্রদর্শিত সকল তথ্য (প্রযোজ্য ক্ষেত্রে) সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। এছাড়া "জাতীয় বিশ্ববিদ্যালয়/যে কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে কোন শিক্ষাকার্যক্রমে আমি ভর্তি/অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তির ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো"-মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত একটি অঙ্গীকারনামা অনলাইনে আবেদনের সময় স্ক্যান করে আপলোড করতে হবে।

(খ) পাসপোর্ট সাইজের রঙিন ছবি Scan করে (ছবির মাপ 120×150 pixels, image type: jpg এবং maximum file size: 50kb) আপলোড করতে হবে।

(গ) ছবিসহ সকল তথ্য পূরণ করার পর Submit Application অপশন select করলে এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং ফরমটি download করে অফসেট সাদা কাগজে (A-4 সাইজের) প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহ করতে হবে।

(ঘ) কলেজের সংশ্লিষ্ট বিভাগে জমা দেওয়ার পূর্বে প্রিন্টকপির নির্ধারিত স্থানে অবশ্যই আবেদনকারীর স্বাক্ষর করতে হবে।

৪। আবেদনকারীকে আগামী ০৩/০৬/২০২৫ হতে ০৩/০৭/২০২৫ খ্রি. তারিখের মধ্যে নিম্নোক্ত User Name এবং Password ব্যবহার করে https://rangamaticollege.eshiksaems.com এ Login করে আবেদন ফি ৪০০/- (চার শত) টাকা পরিশোধ করতে হবে।

**User Name**: rangamatistudent এবং **Password**: rangamatistudent

(ক) Apply for Application Form এর Select application group থেকে Admission Masters Preli., NU Admission Roll, Student Name, Mobile Number এন্ট্রি দিয়ে Submit এ ক্লিক করতে হবে।

(খ) Education Management System এর Pay through Sonali Pay অপশনে গিয়ে Session এ 2022-2023 এন্ট্রি দিতে হবে এবং Class Roll/Admission Roll এ NU Admission Roll এন্ট্রি দিতে হবে। তারপর Connect Sonali Pay ক্লিক করতে হবে।

(গ) Sonali Payment Gateway ব্যবহার করে মোবাইল ব্যাংকিং মাধ্যমে নির্ধারিত ফি পরিশোধ করতে হবে।

(ঘ) সর্বশেষ Receipts Print ক্লিক করার পর NU Admission Roll এন্ট্রি দিয়ে Payslip ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে।

02-06-2025

(প্রফেসর মো. আবু ছৈয়দ চৌধুরী)
অধ্যক্ষ
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

02/06/2025

বিতরণ:

১। বিভাগীয় প্রধান, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
২। ক্যাশিয়ার/হিসাব সহকারী, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
৩। ডাটা এন্ট্রি অপারেটর, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি। তাঁকে কলেজের ওয়েবসাইটে আপলোড করতে নির্দেশ দেওয়া গেল;
৪। সংরক্ষণ নথি।